

Publication:- Sangbad Pratidin

Date:- 16th December 2017

Page No:- 03

Opening Ceremony of 16th The India International Mega Trade Fair (IIMTF) at Science City ground organized by The Bengal Chamber & G S Marketing

মেগা ট্রেড ফেয়ারে জিএসটি নিয়ে মত অমিত মিত্রের

আদায়কৃত অর্থের পরিমাণ হতাশার

স্টাফ রিপোর্টার: জিএসটিতে ঘাটতি নিয়ে সরব রাজ্যগুলি এবার ক্ষতিপূরণে বাড়তি বরাদ্দের দাবি তুলল। নয়া কর ব্যবস্থা চালুর পর আদায়ের অঙ্ক কমেছে। গত চার মাসে ঘাটতি ৩৬ হাজার কোটি টাকা। যা ভাবা গিয়েছিল তার চেয়ে অনেক বেশি। এমনটা চললে কেন্দ্র রাজ্যগুলিকে ক্ষতিপূরণ বাবদ ৫৫ হাজার কোটি টাকার যে প্রভিশনাল ফান্ড গড়েছে তা কোনও কাজে আসবে না। তাই ওই খাতে বাড়তি বরাদ্দ চাই বলে সরব রাজ্যগুলি। কলকাতায় মেগা ট্রেড ফেয়ারের উদ্বোধনে শুক্রবার রাজ্যের অর্থমন্ত্রী অমিত মিত্র বলেন, “আশঙ্কা সত্যি হল। জিএসটি থেকে আদায়কৃত অর্থের পরিমাণ প্রমাণ করছে আশাভঙ্গ হয়েছে।” জিএসটি থেকে ১৪ শতাংশ বাড়তি আয় হবে বলে ধরা হয়েছিল। কিন্তু তা হয়নি। উল্টে ঘাটতি চলছে।



ট্রেড ফেয়ারের উদ্বোধন করছেন অর্থমন্ত্রী অমিত মিত্র। রয়েছেন বণিক সভার সদস্যরা। শুক্রবার সায়েঙ্গিসিটিতে।

সেই ঘাটতি পূরণে পরবর্তী পদক্ষেপ কী হবে তা নিয়েও বেশ দোলাচলে কেন্দ্রীয় অর্থমন্ত্রক। ফলে বিজেপি বিরোধী দলের হাতে থাকা রাজ্যগুলির সরকারপক্ষ বিধছে অর্থমন্ত্রী অরুণ জেটলিকে। কেউ

সরাসরি আক্রমণ শানাচ্ছেন প্রধানমন্ত্রীকে লক্ষ্য করে। এদিন যেমন পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী আগের মতোই বললেন, “এটা তাড়াহড়োর ফল। একবঙ্গী রাজনীতির ফসল। এখন কেন্দ্র ভাবুক কী করবে।”

বেঙ্গল চেম্বার অফ কমার্সের উদ্যোগে এই মেগা ট্রেড ফেয়ারে ছিলেন বাংলাদেশ, নেপালের প্রতিনিধিরা। সেখানে অর্থমন্ত্রী তথা শিল্পমন্ত্রী অমিতবাবু জানান, “শালিমার ওয়ার্কসের সঙ্গে বাংলাদেশ শিপিং কর্পোরেশনের একটি চুক্তি হয়েছে। এখানে জাহাজ তৈরি হবে।” তবে শালিমার ওয়ার্কসে কত টাকা লগ্নি হবে তা জানাননি অমিতবাবু। তবে এখানে প্রতিরক্ষা মন্ত্রকের জন্য কোনও জাহাজ গড়া হবে না বলে জানান শিল্পমন্ত্রী। পাশাপাশি তিনি জানিয়েছেন, আইএফবি হলদিয়ায় একটি প্রকল্প গড়বে। চিংড়িমাছের প্রক্রিয়াকরণ শিল্পে লগ্নি করবে তারা। তবে শুধু বাগদা চিংড়ি নিয়েই কাজ করবে আইএফবি। তবে এ ক্ষেত্রেও লগ্নির অঙ্ক নিয়ে মুখ খোলেননি তিনি।

106 d, block-f
new alipore
kolkata 700 053
i n d i a

W +91 33 2445 2766
info@greymatterpr.com
www.greymatterpr.com